



Beats of My Heart

ডিভিডেন্ড পেলেন তাওফিকা ফুড্‌স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির বিনিয়োগকারীরা

পুঁজিবাজারে তালিকভুক্ত খাদ্য ও আনুষঙ্গিক খাতের কোম্পানি লাভেলো ব্র্যান্ডের আইসক্রিম বাজারজাতকারী প্রতিষ্ঠান তাওফিকা ফুড্‌স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসি ডিএসইর নিকট ডিভিডেন্ড কমপ্লায়েন্স রিপোর্ট জমা দিয়েছে।

জানা গেছে, গত ৩০শে জুন, ২০২২ সমাপ্ত অর্থবছরের জন্য তাওফিকা ফুড্‌স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসি ১২ শতাংশ নগদ লভ্যাংশ ঘোষণা করেছিল, যা কোম্পানির বার্ষিক সাধারণ সভায় (এজিএম) শেয়ারহোল্ডারদের সম্মতিক্রমে অনুমোদিত হয়। এরই ধারাবাহিকতায় ঘোষিত নগদ লভ্যাংশ সংশ্লিষ্ট বিনিয়োগকারীদের ব্যাংক হিসাবে পাঠানো হয়েছে।